(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
(সাধারণ শাখা)
www.naogaon.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৪০০.০০০.১১১.০৪.০০০১.৪১৬

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ / ৩১ আগস্ট ২০২৬

**সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর আলোকে নওগাঁ জেলায় প্রতি ইউনিয়ন/পৌরসভার জন্য বিদ্যমান ডিলারের পাশাপাশি একজন করে নতুন ডিলার দ্রুত নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে:

| ক্র .নং | উপজেলার নাম | ইউনিয়ন/ পৌরসভা | ডিলার পয়েন্ট | ক্র .নং | উপজেলার নাম | ইউনিয়ন/ পৌরসভা | ডিলার পয়েন্ট | ক্র .নং | উপজেলার নাম | ইউনিয়ন/ পৌরসভা | ডিলার পয়েন্ট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | নওগাঁ সদর | বর্ষাইল | ১টি | ৩৫ | বদলগাছী | বিলাশবাড়ী | ১টি | ৬৯ | সাপাহার | সাপাহার | ১টি |
| ২ | নওগাঁ সদর | কীর্তিপুর | ১টি | ৩৬ | বদলগাছী | আধাইপুর | ১টি | ৭০ | সাপাহার | গোয়ালা | ১টি |
| ৩ | নওগাঁ সদর | বক্তারপুর | ১টি | ৩৭ | বদলগাছী | বালুভরা | ১টি | ৭১ | সাপাহার | তিলনা | ১টি |
| ৪ | নওগাঁ সদর | তিলকপুর | ১টি | ৩৮ | মহাদেবপুর | মহাদেবপুর | ১টি | ৭২ | সাপাহার | আইহাই | ১টি |
| ৫ | নওগাঁ সদর | হাপানিয়া | ১টি | ৩৯ | মহাদেবপুর | হাতুর | ১টি | ৭৩ | সাপাহার | পাতাড়ী | ১টি |
| ৬ | নওগাঁ সদর | দুবলহাটি | ১টি | ৪০ | মহাদেবপুর | খাজুর | ১টি | ৭৪ | সাপাহার | শিরন্টি | ১টি |
| ৭ | নওগাঁ সদর | বোয়ালিয়া | ১টি | ৪১ | মহাদেবপুর | চান্দাশ | ১টি | ৭৫ | পোরশা | নিতপুর | ১টি |
| ৮ | নওগাঁ সদর | হাসাইগাড়ী | ১টি | ৪২ | মহাদেবপুর | রাইগাঁ | ১টি | ৭৬ | পোরশা | তেতুলিয়া | ১টি |
| ৯ | নওগাঁ সদর | চন্ডিপুর | ১টি | ৪৩ | মহাদেবপুর | এনায়েতপুর | ১টি | ৭৭ | পোরশা | ছাওড় | ১টি |
| ১০ | নওগাঁ সদর | বলিহার | ১টি | ৪৪ | মহাদেবপুর | সফাপুর | ১টি | ৭৮ | পোরশা | গাঙ্গুরিয়া | ১টি |
| ১১ | নওগাঁ সদর | শিকারপুর | ১টি | ৪৫ | মহাদেবপুর | উত্তরগ্রাম | ১টি | ৭৯ | পোরশা | ঘাটনগর | ১টি |
| ১২ | নওগাঁ সদর | শৈলগাছী | ১টি | ৪৬ | মহাদেবপুর | চেরাগপুর | ১টি | ৮০ | পোরশা | মশিদপুর | ১টি |
| ১৩ | নওগাঁ সদর | নওগাঁ পৌরসভা | ১টি | ৪৭ | মহাদেবপুর | ভীমপুর | ১টি | ৮১ | মান্দা | ভাঁরশো | ১টি |
| ১৪ | রাণীনগর | খট্টেশ্বর | ১টি | ৪৮ | পত্নীতলা | পত্নীতলা | ১টি | ৮২ | মান্দা | ভালাইন | ১টি |
| ১৫ | রাণীনগর | কাশিমপুর | ১টি | ৪৯ | পত্নীতলা | নির্মইল | ১টি | ৮৩ | মান্দা | পরানপুর | ১টি |
| ১৬ | রাণীনগর | গোনা | ১টি | ৫০ | পত্নীতলা | দিবর | ১টি | ৮৪ | মান্দা | মান্দা | ১টি |
| ১৭ | রাণীনগর | পারইল | ১টি | ৫১ | পত্নীতলা | আকবরপুর | ১টি | ৮৫ | মান্দা | গনেশপুর | ১টি |
| ১৮ | রাণীনগর | বড়গাছা | ১টি | ৫২ | পত্নীতলা | মাটিন্দর | ১টি | ৮৬ | মান্দা | মৈনম | ১টি |
| ১৯ | রাণীনগর | কালিগ্রাম | ১টি | ৫৩ | পত্নীতলা | কৃষ্ণপুর | ১টি | ৮৭ | মান্দা | প্রসাদপুর | ১টি |
| ২০ | রাণীনগর | একডালা | ১টি | ৫৪ | পত্নীতলা | পাটিচরা | ১টি | ৮৮ | মান্দা | কুশুম্বা | ১টি |
| ২১ | রাণীনগর | মিরাট | ১টি | ৫৫ | পত্নীতলা | নজিপুর | ১টি | ৮৯ | মান্দা | তেতুলিয়া | ১টি |
| ২২ | আত্রাই | শাহাগোলা | ১টি | ৫৬ | পত্নীতলা | ঘোষনগর | ১টি | ৯০ | মান্দা | নূরুল্যাবাদ | ১টি |
| ২৩ | আত্রাই | ভোঁপাড়া | ১টি | ৫৭ | পত্নীতলা | আমাইড় | ১টি | ৯১ | মান্দা | কালিকাপুর | ১টি |
| ২৪ | আত্রাই | আহসানগঞ্জ | ১টি | ৫৮ | পত্নীতলা | শিহারা | ১টি | ৯২ | মান্দা | কাশোপাড়া | ১টি |
| ২৫ | আত্রাই | পাঁচুপুর | ১টি | ৫৯ | পত্নীতলা | নজিপুর পৌরসভা | ১টি | ৯৩ | মান্দা | কশব | ১টি |
| ২৬ | আত্রাই | বিশা | ১টি | ৬০ | ধামইরহাট | ধামইরহাট | ১টি | ৯৪ | মান্দা | বিষ্ণুপুর | ১টি |
| ২৭ | আত্রাই | মনিয়ারী | ১টি | ৬১ | ধামইরহাট | আগ্রাদ্বিগুন | ১টি | ৯৫ | নিয়ামতপুর | হাজীনগর | ১টি |
| ২৮ | আত্রাই | কালিকাপুর | ১টি | ৬২ | ধামইরহাট | আলমপুর | ১টি | ৯৬ | নিয়ামতপুর | চন্দননগর | ১টি |
| ২৯ | আত্রাই | হাটকালুপাড়া | ১টি | ৬৩ | ধামইরহাট | উমার | ১টি | ৯৭ | নিয়ামতপুর | ভাবিচা | ১টি |
| ৩০ | বদলগাছী | বদলগাছী | ১টি | ৬৪ | ধামইরহাট | আড়ানগর | ১টি | ৯৮ | নিয়ামতপুর | নিয়ামতপুর | ১টি |
| ৩১ | বদলগাছী | মথুরাপুর | ১টি | ৬৫ | ধামইরহাট | জাহানপুর | ১টি | ৯৯ | নিয়ামতপুর | রসুলপুর | ১টি |
| ৩২ | বদলগাছী | পাহাড়পুর | ১টি | ৬৬ | ধামইরহাট | ইসবপুর | ১টি | ১০০ | নিয়ামতপুর | পাড়ইল | ১টি |
| ৩৩ | বদলগাছী | মিঠাপুর | ১টি | ৬৭ | ধামইরহাট | খেলনা | ১টি | ১০১ | নিয়ামতপুর | শ্রীমন্তপুর | ১টি |
| ৩৪ | বদলগাছী | কোলা | ১টি | ৬৮ | ধামইরহাট | ধামইরহাট পৌরসভা | ১টি | ১০২ | নিয়ামতপুর | বাহাদুরপুর | ১টি |
| মোট ১১ টি উপজেলা ৯৯ টি ইউনিয়ন এর ৯৯ টি ডিলার পয়েন্ট ও ৩ টি পৌরসভার ৩ টি ডিলার পয়েন্ট সহ সর্বমোট ১০২ টি ডিলার | | | | | | | | | | | |

**শর্তাবলি:**

(ক) আবেদনকারীকে নির্ধারিত ছকে (সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর পরিশিষ্ট-১) আবেদন প্রস্তুত করে তার নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

(খ)আবেদনকারীকে নির্দিষ্ট ইউনিয়ন/পৌরসভার নাম উল্লেখপূর্বক **"ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬"**-এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে। একই ব্যক্তি শুধুমাত্র একটি ইউনিয়ন/পৌরসভার বিপরীতে আবেদন করতে পারবেন।

(গ) **যোগ্যতা:**

১। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলার/পৌরসভা বাসিন্দা হতে হবে এবং এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২। সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা সংশ্লিষ্ট কার্য এলাকায় ন্যূনতম ২৫ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩। বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা হতে হবে;
৪। আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৫। ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৬। আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৭। আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং চলাচলে সক্ষম হতে হবে; এবং
৮। আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(ঘ) অযোগ্যতা:**

১। ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি, ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়মের কারণে অথবা কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন না। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজা ভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২। কোনো বিধিবদ্ধ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং
৩। সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপ/বিক্রয় প্রতিনিধিত্বশিপের জন্য আবেদন করতে বা ডিলার/বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এ ক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাঁদের স্ত্রী, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন, যারা একখানায় খাদ্য গ্রহণ করেন, তাঁদের বোঝানো হয়েছে।

**(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:**

১। আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;
২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:
(i) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
(ii) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
(iii) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(iv) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;
(v) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
(vi) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এবং স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং
(vii) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।
৩। ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ-সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে;
৪। আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;
৫। একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্ট মানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনো প্রকার তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্ট মানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্ট মানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্ট মানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।
৬। ছবিসহ সকল সনদের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।

**(চ) আবেদনপত্র সংগ্রহ ও দাখিলের শেষ তারিখ ও স্থান:**

(i) ১০/০৯/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০টা পর্যন্ত;
(ii) স্থান: সংশ্লিষ্ট উপজেলা এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নওগাঁ-এর কার্যালয়ে আবেদনকারীকে স্বশরীরে আবেদনপত্র জমা দিতে হবে।
কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল এবং প্রয়োজনে এই বিজ্ঞপ্তি বাতিল করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোহাম্মদ সাইফুল ইসলাম)
জেলা প্রশাসক, নওগাঁ।
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি,নওগাঁ।